



পশ্চিমবঙ্গ সরকার

ক্ষুদ্র, ছোট ও মাঝারী উদ্যোগ অধিকার

জেলা শিল্প কেন্দ্র, বীরভূম

সিউডী, বীরভূম

০৩৪৬২-২৫৫৮২৮ / ২৫৫৩০৬

Email : dic.bir007@gmail.com

বিজ্ঞপ্তি

নং- ১/কর্মতীর্থ

তারিখ-০৩/০৭/২০১৮

রাজনগর ব্লক অঞ্চলে নির্মায়মান কর্মতীর্থের স্টল বন্টন ও তার জন্য আবেদনপত্র সংগ্রহ এলাকার আগ্রহী ছোট শিল্পদ্যোগী, হস্তশিল্পী ও তাঁতশিল্পীদের থেকে রাজনগর ব্লক অঞ্চলে নির্মায়মান কর্মতীর্থের (রাজনগর মৌজা) স্টল বন্টন এর জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। সমগ্র প্রক্রিয়াটি কর্মতীর্থ পরিচালন ও ব্যবস্থার নির্দেশ-২০১৪ এর শর্তসাপেক্ষ ও এই সংক্রান্ত প্রয়োজনে গঠিত জেলাস্তরীয় কমিটির নির্দেশানুযায়ী পরিচালিত হবে।

নির্বাচিত স্টলের প্রাপকদের নিয়ে পরবর্তীতে একটি পরিষেবা মূলক সমবায় সংস্থা (Service Co-operative) গঠন করা হবে এবং উক্ত সমবায়ের ওপর আলোচিত কর্মতীর্থের পরিচালনার দায়িত্ব অর্পন করা হবে।

স্টল বন্টন ও এই সংক্রান্ত সমগ্র প্রক্রিয়াটি কর্মতীর্থ পরিচালন ও ব্যবস্থার নির্দেশ-২০১৪ ও এই বিষয়ের পরবর্তী কোনও সংশোধন বা পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ছোট ও মাঝারী উদ্যোগ ও বস্ত্র দপ্তরের এই বিষয়ক কোনও পথনির্দেশ বা আদেশ দ্বারা পরিচালিত হবে।

আগ্রহী উদ্যোগী/হস্তশিল্পী/তাঁতশিল্পীদের এই মর্মে তাঁদের সংশ্লিষ্ট কাজের সাথে যুক্ত থাকার প্রমাণপত্র, যোগাযোগের সম্পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর, ভোটার কার্ডের (EPIC) কপি সহ সাদা কাগজে নিম্নলিখিত ঠিকানায় আবেদন করতে অনুরোধ করা হচ্ছে। উপযুক্ত কতৃপক্ষের ইস্যু করা তফশিলী জাতি/উপজাতির শংসাপত্র থাকলে সংযোজন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

আবেদন পত্র জমা করার স্থান :- জেনারেল ম্যানেজার, জেলা শিল্প কেন্দ্র, বীরভূম, সুপার মার্কেট, কর্মাশিয়াল কমপ্লেক্স (প্রথম তল) সিউডী, বীরভূম (General Manager, District Industries Centre, Birbhum, Super Market, Commercial Complex (1st Floor)), Suri, Birbhum)

অথবা

সমষ্টি উন্নয়ন আধিকারিক, রাজনগর উন্নয়ন ব্লক, পোস্ট- রাজনগর , জেলা - বীরভূম। (Block Development Officer, Rajnagar Dev. Block, P.O- Rajnagar, Dist.- Birbhum)

আবেদনপত্র জমা করার শেষ দিন : ২০ জুলাই ২০১৮

আবেদনপত্র বা সংশ্লিষ্ট খাম এর ওপরে -

“রাজনগর ব্লক অঞ্চলের কর্মতীর্থের স্টলের জন্য আবেদন” লিখে দিতে অনুরোধ করা হচ্ছে।

জেনারেল ম্যানেজার
জেলা শিল্প কেন্দ্র